

নোয়াখালীতে ৪০ ছাত্রী হোস্টেলের খাবার খেয়ে অসুস্থ

■ নোয়াখালী (উত্তর) প্রতিনিধি
নোয়াখালী নার্সিং ইনস্টিটিউটের অত্র ৪০ জন ছাত্রী হোস্টেলে রাতের খাবার খাওয়ার পর অসুস্থ হয়ে পড়েছেন। তাদের ২৮ জনকে ভর্তি করা হয়েছে হাসপাতালে। বাকিরা প্রাথমিক চিকিৎসা নিয়েছেন।

অসুস্থ ছাত্রীরা জানান, গত মঙ্গলবার রাতে হোস্টেলের খাবার খেয়ে ঘুমিয়ে পড়েন তারা। সকাল থেকে ১০-১২ জন তীব্র পেটব্যথা, বমি ও পেটের পীড়ায় আক্রান্ত হলে হোস্টেলে হইচই পড়ে যায়। একে একে ৪০ ছাত্রী অসুস্থ হয়ে পড়েন। তাদের দ্রুত নোয়াখালী জেনারেল হাসপাতালের জরুরি বিভাগে ভর্তি করা হয়। জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (ভারপ্রাপ্ত) ডা. সৈয়দ মহিউদ্দিন আবদুল আজিজ বলেন, ধারণা করা হচ্ছে, খাদ্যে বিষক্রিয়ায় এমনটি হয়েছে। ৪০ ছাত্রীকে চিকিৎসাসেবা দেওয়া হয়েছে। তবে অসুস্থের সংখ্যা আরও বাড়তে পারে।

এ ঘটনার তদন্তে জেনারেল হাসপাতালের সিনিয়র কনসাল্ট্যান্ট ডা. সালাউদ্দিন মামুন চৌধুরীকে প্রধান করে তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। খবর পেয়ে নোয়াখালী জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. আন ম শামছুল করিম, স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ) নোয়াখালী জেলা শাখা সভাপতি ডা. ফজলে এলাহী খান, সাধারণ সম্পাদক ডা. মাহবুবুর রহমান ও নার্সিং ইনস্টিটিউটের (ইনচার্জ) বেবি সুলতানা হাসপাতালে অসুস্থ ছাত্রীদের দেখতে আসেন। ডা. আন ম শামছুল করিম জানান, প্রাথমিকভাবে তাদের স্যালাইন, ইনজেকশন দেওয়া হয়েছে। বমি ও পাতলা পায়খানা হওয়ায় তারা দুর্বল হয়ে পড়েছে। তবে ভয়ের কোনো কারণ নেই। এ ঘটনা তদন্তে কমিটি গঠন করা হয়েছে। আগামী তিন দিনের মধ্যে প্রতিবেদন দিতে নির্দেশ দেওয়া হয়েছে।